**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

## সংবাদ গতিধারা

**ঢাকা, শনিবার ২৪ সেপ্টেম্বর ২০১৬, ৯ আশ্বিন ১৪২৩**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। জাতিসংঘে বাংলাদেশের অংশগ্রহণ ফলপ্রসূ হয়েছে
: নিউইয়র্কে সংবাদ সম্মেলনে প্রধানমন্ত্রী

২। প্রধানমন্ত্রী দেশে ফিরবেন আগামী ৩০ সেপ্টেম্বর

৩। দেশীয় ব্র্যান্ডের ল্যাপটপ ডিজিটাল বিপ্লবের পথে আরো এক ধাপ এগিয়ে নিয়ে যাবে
: ওয়ালটনের ল্যাপটপ বাজারজাত উদ্বোধন অনুষ্ঠানে অর্থমন্ত্রী

৪। সন্ত্রাস জঙ্গিবাদের বিরুদ্ধে ঘুরে দাঁড়িয়েছে দেশ : স্বরাষ্ট্রমন্ত্রী

৫। পরিবেশ সুরক্ষায় গুরুত্ব দিচ্ছে সরকার : ভূমিমন্ত্রী

৬। বোলিং অ্যাকশনের বৈধতা পেলেন বাংলাদেশের দুই তারকা ক্রিকেটার
তাসকিন আহমেদ ও আরাফাত সানি

৭। সরকারি পাসপোর্টধারীরা রাশিয়ায় ভিসামুক্ত ভ্রমণ সুবিধা পাবে : বাংলাদেশের সঙ্গে চুক্তি স্বাক্ষর

৮। বিলুপ্ত ছিটমহল দাশিয়ার ছড়ার বাসিন্দারা জাতীয়
পরিচয়পত্র 'স্মার্টকার্ড' পাচ্ছেন আগামী ৩ অক্টোবর থেকে

৯। রাজধানীতে মাদকবিরোধী অভিযান : গ্রেপ্তার ৪২

১০। মালয়েশিয়ায় গ্রেফতার ব্যবসায়ী আকাশ
গুলশান হামলায় অস্ত্র সরবরাহ ও অর্থের যোগানদাতা বলে সন্দেহ

১১। সীমান্তে বিএসএফের গুলিতে দুই বাংলাদেশি নিহত

১২। মেডিকেল ট্যুরিজম চালু, সৈকতে ভ্রমণ ও চিকিৎসা দুটোই মিলবে

চলমান পাতা-২

১। **জাতিসংঘে বাংলাদেশের অংশগ্রহণ ফলপ্রসূ হয়েছে : নিউইয়র্কে সংবাদ সম্মেলনে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, সামগ্রিকভাবে জাতিসংঘ সাধারণ পরিষদের ৭১তম অধিবেশনে আমরা বাংলাদেশের এজেন্ডাগুলো জোরালোভাবে তুলে ধরতে সক্ষম হয়েছি। বিভিন্ন ফোরামে আমাদের সক্রিয় এবং ফলপ্রসূ অংশগ্রহণ আন্তর্জাতিক অঙ্গনে বাংলাদেশের ভাবমূর্তি উজ্জ্বল করেছে বলে আমার বিশ্বাস। বিশ্বব্যাংকের প্রেসিডেন্ট জিম ইয়ং কিম বাংলাদেশে শিক্ষা, স্বাস্থ্য, যোগাযোগ ও অবকাঠামো খাতে সহযোগিতা বাড়ানোর আশ্বাস দিয়েছেন বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী। নিউইয়র্কে জাতিসংঘের ৭১তম সাধারণ পরিষদের অধিবেশনের ফাঁকে গত ২০ সেপ্টেম্বর মঙ্গলবার কিমের সঙ্গে দ্বিপক্ষীয় বৈঠক হয় প্রধানমন্ত্রীর। গত ২২ সেপ্টেম্বর বৃহস্পতিবার জাতিসংঘের সাধারণ পরিষদের অধিবেশনে বাংলাদেশের অংশগ্রহণ নিয়ে নিউইয়র্কে বাংলাদেশের স্থায়ী মিশনে এক সংবাদ সম্মেলনে বিশ্বব্যাংক প্রেসিডেন্টের সঙ্গে আলোচনার বিষয়বস্তু তুলে ধরেন তিনি। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৪), **সমকাল** (শেষ পৃ.,ক.২), **ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.৬), **বাংলাদেশ টুডে** এ বিষয়ে ছবিসহ লিড নিউজ ছেপেছে।

২। **প্রধানমন্ত্রী দেশে ফিরবেন আগামী ৩০ সেপ্টেম্বর**

নিউইয়র্কে জাতিসংঘের সাধারণ পরিষদের অধিবেশনে যোগদান শেষে প্রধানমন্ত্রী শেখ হাসিনার দেশে ফেরা পিছিয়েছে। পরিবর্তিত সূচি অনুযায়ী আগামী ২৯ সেপ্টেম্বর তিনি দেশের পথে যাত্রা করবেন এবং পরদিন ৩০ সেপ্টেম্বর শুক্রবার ঢাকা পৌঁছাবেন বলে জানিয়েছেন প্রধানমন্ত্রীর মুখ্য সচিব আবুল কালাম আজাদ। প্রধানমন্ত্রীর ফেরা পেছানোয় আওয়ামী লীগের পক্ষ থেকে তাকে 'গণসংবর্ধনার' তারিখও পিছিয়েছে বলে জানিয়েছেন দলের যুগ্ম সাধারণ সম্পাদক মাহবুব-উল আলম হানিফ। গতকাল ২৩ সেপ্টেম্বর শুক্রবার রাতে তিনি বলেন, যে কর্মসূচি ২৬ সেপ্টেম্বর ছিল তা হবে ৩০ সেপ্টেম্বর। সূত্র-**ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.৫)।

৩। **দেশীয় ব্র্যান্ডের ল্যাপটপ ডিজিটাল বিপ্লবের পথে আরো এক ধাপ এগিয়ে নিয়ে যাবে**
**: ওয়ালটনের ল্যাপটপ বাজারজাত উদ্বোধন অনুষ্ঠানে অর্থমন্ত্রী**

অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত বলেছেন, বাংলাদেশি ব্র্যান্ড ওয়ালটন ল্যাপটপ কম্পিউটারের মতো উচ্চ প্রযুক্তির একটি পণ্য বাজারজাত করায় বাংলাদেশ ডিজিটাল বিপ্লবের পথে আরো একধাপ এগিয়ে যাবে। শুধু ব্যবসায়িক মুনাফা নয় আগামী প্রজন্মের হাতে স্বল্প মূল্যে বিশ্বমানের ল্যাপটপ পৌঁছে দেওয়ার অঙ্গীকারের মাধ্যমে ওয়ালটন দেশের প্রতি তাদের দায়িত্ববোধের পরিচয় দিয়েছে। গত ২২ সেপ্টেম্বর বৃহস্পতিবার রাজধানীর একটি হোটেলে ওয়ালটন ল্যাপটপ বাজারজাতকরণ উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৬), **নিউজ টুডে** (পৃ.১১,ক.৪)।

৪। **সন্ত্রাস জঙ্গিবাদের বিরুদ্ধে ঘুরে দাঁড়িয়েছে দেশ : স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল বলেছেন, দেশ সন্ত্রাস ও জঙ্গিবাদের বিরুদ্ধে ঘুরে দাঁড়িয়েছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার দক্ষ নেতৃত্বে দেশে কোনো সন্ত্রাসী চক্রই আর মাথা চাড়া দিয়ে উঠতে পারবে না। গতকাল ২৩ সেপ্টেম্বর শুক্রবার ঢাকায় নবাবগঞ্জের বর্ধনপাড়া পিকেবি স্কুল অ্যান্ড কলেজের নতুন ভবনের উদ্বোধন ও একাদশ শ্রেণির শিক্ষার্থীদের নবীনবরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.৫), **সমকাল** (পৃ.৪,ক.৪), **ইত্তেফাক** (পৃ.২,ক.৮), **বাংলাদেশ টুডে** (পৃ.২,ক.১)।

৫। **পরিবেশ সুরক্ষায় গুরুত্ব দিচ্ছে সরকার : ভূমিমন্ত্রী**

ভূমিমন্ত্রী শামসুর রহমান শরীফ বলেছেন, মানুষ যদি প্রকৃতির বিরুদ্ধে আচরণ করে তখন পরিবেশের নিজস্ব ধর্ম বা চেহারা হারিয়ে যায়, যা দেশ ও জাতির জন্য ক্ষতিকর। সরকার পরিবেশ সুরক্ষায় গুরুত্ব দিয়ে কাজ করছে। গতকাল ২৩ সেপ্টেম্বর শুক্রবার রাজধানীর নটরডেম কলেজ মিলনায়তনে সপ্তম ন্যাশনাল ন্যাচার সামিট অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **ইনকিলাব (পৃ.৩,ক.৫) ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.২), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.২)।

**৬।　বোলিং অ্যাকশনের বৈধতা পেলেন বাংলাদেশের দুই তারকা ক্রিকেটার তাসকিন আহমেদ ও আরাফাত সানি**

বোলিং অ্যাকশনের বৈধতা পেলেন বাংলাদেশের দুই তারকা ক্রিকেটার তাসকিন আহমেদ ও আরাফাত সানি। গতকাল ২৩ সেপ্টেম্বর শুক্রবার আন্তর্জাতিক ক্রিকেটের নিয়ন্ত্রক সংস্থা আইসিসি এক বিবৃতিতে নিষেধাজ্ঞা তুলে নেওয়ার বিষয়টি জানিয়ে দেয়। বিবৃতিতে বলা হয়, বোলিংয়ের সময় তাসকিন ও সানির কনুই প্রশস্ত করার ক্ষেত্রে আইসিসির নীতিমালায় যে ১৫ ডিগ্রীর সীমা আছে সেটা তার মধ্যেই। এখন সকল ধরণের ক্রিকেটে তাদের বল করতে কোনো বাধা নেই। তবে আম্পায়ার তাদের বোলিং নজরদারি করবেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **যুগান্তর** (পৃ.১,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৬), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.১), **ইত্তেফাক, সংবাদ, এশিয়ান এজ** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**৭।　সরকারি পাসপোর্টধারীরা রাশিয়ায় ভিসামুক্ত ভ্রমণ সুবিধা পাবে : বাংলাদেশের সঙ্গে চুক্তি স্বাক্ষর**

বাংলাদেশ ও রাশিয়ার কূটনীতিক অথবা অফিসিয়াল পাসপোর্টধারীরা ভিসামুক্ত ভ্রমণ করতে পারবেন। এ বিষয়ে দুই দেশের মধ্যে একটি পারস্পরিক চুক্তি স্বাক্ষর হয়েছে। গত ২২ সেপ্টেম্বর বৃহস্পতিবার জাতিসংঘ সদর দফতরে এক অনুষ্ঠানে রাশিয়ার পররাষ্ট্রমন্ত্রী সের্গেই ভি ল্যাভরভ ও বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী এএইচ মাহমুদ আলী এই চুক্তিতে স্বাক্ষর করেন। এছাড়া ২০১৭ সালে রাশিয়ার প্রধানমন্ত্রী দিমিত্রি মেদভেদেভের বাংলাদেশ সফর সংক্রান্ত বিষয়েও দুই দেশের মধ্যে আলোচনা হয়েছে। গতকাল ২৩ সেপ্টেম্বর শুক্রবার পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এসব তথ্য নিশ্চিত করে বলা হয়, এই চুক্তি বাস্তবায়ন হলে বন্ধুপ্রতীম দুই দেশের জনগণের মধ্যে সম্পর্ক জোরদার এবং সহজতর হবে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **সমকাল** (পৃ.২,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৪), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.১)।

**৮।　বিলুপ্ত ছিটমহল দাশিয়ার ছড়ার বাসিন্দারা জাতীয় পরিচয়পত্র 'স্মার্টকার্ড' পাচ্ছেন আগামী ৩ অক্টোবর থেকে**

কুড়িগ্রামের বিলুপ্ত ছিটমহল দাশিয়ার ছড়ার বাসিন্দাদের অনেক স্বপ্নের মধ্যে একটি পূরণ হতে যাচ্ছে আগামী ৩ অক্টোবর স্বাধীনতার ৪৪ বছর পর এই দিনে হাতে পাচ্ছেন জাতীয় পরিচয়পত্র 'স্মার্টকার্ড'। আগামী ২ অক্টোবর এই কার্ড বিতরণ কার্যক্রম উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র-**ইনকিলাব (শেষ পৃ.**,ক.৬)**,জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৬), **অবজারভার** (শেষ পৃ.,ক.৮), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.৮)।

**৯।　রাজধানীতে মাদকবিরোধী অভিযান : গ্রেপ্তার ৪২**

রাজধানীতে মাদকবিরোধী অভিযানে ৪২ জন মাদক ব্যবসায়ীকে গ্রেপ্তার করেছে ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) বিভিন্ন থানা ও গোয়েন্দা পুলিশ। গত ২২ সেপ্টেম্বর বৃহস্পতিবার সকাল ৬টা থেকে গতকাল ২৩ সেপ্টেম্বর শুক্রবার সকাল ৬টা পর্যন্ত রাজধানীর বিভিন্ন থানা এলাকা থেকে তাদের গ্রেপ্তার করা হয়। এ সময় গ্রেপ্তারকৃতদের কাছ থেকে ৭৩৪ পিস ইয়াবা ট্যাবলেট, ২ হাজার ৫০০ পুরিয়া হেরোইন, ৮ কেজি ১২২ গ্রাম গাঁজা, ১ হাজার ১৮০ পিস ইনজেকশন, ৫ বোতল বিদেশি মদ ও ৬ বোতল ফেনসিডিল উদ্ধার করা হয়। সূত্র-**ভোরের কাগজ** (শেষ পৃ.,ক.৮)।

**১০।　মালয়েশিয়ায় গ্রেফতার ব্যবসায়ী আকাশ গুলশান হামলায় অস্ত্র সরবরাহ ও অর্থের যোগানদাতা বলে সন্দেহ**

গুলশানে জঙ্গি হামলায় অস্ত্র সরবরাহ ও অর্থের যোগানদাতা হিসেবে মালয়েশিয়ায় দেশটির পুলিশের হাতে গ্রেফতার বাংলাদেশি হোটেল ব্যবসায়ী ফেনির পিয়ার আহম্মেদ আকাশকে সন্দেহে রেখেছে গোয়েন্দারা। গত ১৯ আগস্ট মালয়েশিয়ায় গ্রেফতার পিয়ার আহম্মেদ আকাশকে ২ সেপ্টেম্বর দেশে ফেরত পাঠানোর পর ফেনি পুলিশ তাকে গ্রেফতার করে একে-৪৭ অস্ত্রসহ গ্রেফতার হওয়া এক মামলায় ওয়ারেন্টভুক্ত আসামি হিসেবে। এই মামলায় গত ৪ সেপ্টেম্বর ফেনির আদালতে হাজির করার পর আদালত আকাশকে জেলে পাঠানোর নির্দেশ দেন। এর আগে আকাশের নাম প্রকাশ না করলেও মালয়েশিয়ার একাধিক গণমাধ্যমে বলা হয়, সন্ত্রাসবাদে জড়িত সন্দেহে কুয়ালালামপুরে এক বাংলাদেশিসহ ৪ জনকে গ্রেফতার করা হয়। এর মধ্যে গ্রেফতারকৃত বাংলাদেশি গুলশানে

হামলায় জড়িত জঙ্গিদের একজনের সঙ্গে বৈঠক করেছে বলে সে দেশের পুলিশ তথ্য পেয়েছে। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.৩), **ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **নিউজ টুডে** (পৃ.১,ক.৫), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৮), **ভোরের কাগজ, নিউ নেশন** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**১১। সীমান্তে বিএসএফের গুলিতে দুই বাংলাদেশি নিহত**

ঝিনাইদহ ও কুড়িগ্রাম সীমান্তে দুই বাংলাদেশিকে গুলি করে হত্যা করেছে ভারতীয় সীমান্ত রক্ষা বাহিনী বিএসএফ। বর্ডার গার্ড বাংলাদেশের কর্মকর্তারা জানিয়েছেন, গত ২২ সেপ্টেম্বর বৃহস্পতিবার শেষ রাতে ঝিনাইদহের মহেশপুর উপজেলায় বাঘাডাঙ্গা সীমান্তের ওপারে জসিম মন্ডল নামের ২৬ বছর বয়সী এক যুবক এবং শুক্রবার কুড়িগ্রামের রৌমারী সীমান্তে লালমিয়া নামের এক গরু ব্যবসায়ী বিএসএফের গুলিতে নিহত হন। সূত্র-**যায়যায়দিন** (শেষ পৃ.,ক.২), **সংবাদ** (পৃ.১,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.৮), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.২)।

**১২। মেডিকেল ট্যুরিজম চালু, সৈকতে ভ্রমণ ও চিকিৎসা দুটোই মিলবে**

এবার চালু হয়েছে মেডিকেল ট্যুরিজম, একই সঙ্গে সমুদ্র সৈকতে ভ্রমণ ও চিকিৎসা দুটোই মিলবে। নৈসর্গিক পরিবেশ মানুষের শরীরের রোগ প্রতিরোধ ক্ষমতার ওপর প্রভাব ফেলে তা নিরূপণে হাজির হয়েছে ভেনটেজ নামে একটি প্রতিষ্ঠান। থাইল্যান্ডের পাতায়ায় প্রতিষ্ঠিত এই মেডিকেল ট্যুরিজম সেন্টারের কর্ণধার রাশিয়া প্রবাসী এক বাংলাদেশী চিকিৎসক অধ্যাপক মুজিবুর রহমান জানিয়েছেন, বাজারে যে সব খাবার বিক্রি হয় এর প্রায় সবই অ্যাসিডিটিযুক্ত। ৯৯ শতাংশ মানুষ প্রতিদিন বাধ্য হয়ে এসব খাবার খায়। এ কারণে মানুষের দেহে দেখা দেয় নানা সমস্যা। আর এ সমস্যা থেকে ৩০ দিনে প্রাকৃতিক উপায়ে রোগমুক্ত জীবনের প্রতিশ্রুতি নিয়ে কাজ করছে 'ভেনটেজ ন্যাচারাল হেলদি ফুড অ্যান্ড হেলথ কেয়ার লিমিটেড'। রাজধানীর তোপখানা রোডে প্রতিষ্ঠানটির বাংলাদেশ কার্যালয়ে তিনি এ বিষয়ে বিভিন্ন তথ্য তুলে ধরেন। সুত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৭)।

## সম্পাদকীয়

ক. **যায়যায়দিন, যুগান্তর, ভোরের কাগজ, ডেইলি সান, ইন্ডিপেনডেন্ট, নিউজ টুডে :** প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতিসংঘের সাধারণ পরিষদের অধিবেশনে মানবতার স্বার্থে বিশ্ব শান্তির লক্ষ্যে বিশ্বনেতাদের এক মঞ্চে উপণীত হওয়ার যে আহ্বান জানিয়েছেন তাকে স্বাগত জানিয়ে বিশ্বনেতারা এ আহ্বানে সাড়া দিয়ে এক মানবিক পৃথিবী গড়ে তোলার জন্য উদ্যোগী হবেন বলে প্রত্যাশা ব্যক্ত।

খ. **ইনকিলাব :** খুলনা অঞ্চলের বাণিজ্য সম্ভাবনাকে কাজে লাগাতে এ অঞ্চলের শিল্পায়ন ও অবকাঠামো উন্নয়ন পরিকল্পনাগুলো সঠিক, সুপরিকল্পিত ও দ্রুত এগিয়ে নেওয়ার ওপর গুরুত্বারোপ।

গ. **প্রথম আলো :** তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইনের ৫৭ ধারাসহ অন্তত নয়টি ধারা বিস্তৃত ও কঠোর হওয়ায় সেগুলোর ব্যাপক অপব্যবহারের মাধ্যমে মানুষের হয়রানির আশংকায় ৫৭ ধারায় হয়রানিমূলক মামলা দায়েরের প্রবণতা ঠেকাতে এ ধারা সংশোধনে পুনর্বিবেচনার সুপারিশ।

ঘ. **ডেইলি সান :** বেসরকারি খাতে বিশেষ করে গার্মেন্টস খাতে মাতৃত্বকালীন ছুটির সুবিধা পুরোপুরি প্রদান না করায় যথাযথ কর্তৃপক্ষকে এ বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ নেওয়ার সুপারিশ।

ঙ. **ইন্ডিপেনডেন্ট :** বিভিন্ন মাদক পুনর্বাসন কেন্দ্রের আসক্ত রোগীদের প্রায় ৬০ থেকে ৭০ শতাংশই ইয়াবায় আসক্ত থাকার বিষয় তুলে ধরে এ ব্যাপারে অভিভাবকসহ নাগরিক সমাজকে সচেতনতামূলক পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

চ. **নিউ নেশন :** বেসরকারি বিশ্ববিদ্যালয়ে শিক্ষক নিয়োগে লিখিত ও মৌখিক পরীক্ষা নেওয়ার সরকারি পরিকল্পনা যথাযথভাবে বাস্তবায়নের প্রত্যাশা।

ছ. **নিউ এজ, ডেইলি স্টার :** সড়ক-মহাসড়ক ও ফেরিঘাটে চাঁদাবাজদের বিরুদ্ধে কঠোর আইনি ব্যবস্থা নেওয়ার ব্যাপারে স্বরাষ্ট্রমন্ত্রীর অভিমত যথাযথভাবে প্রয়োগের ওপর গুরুত্বারোপ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

## উপ-সম্পাদকীয়

**প্রথম আলো** পত্রিকায় প্রকাশিত কলামে আগামী নির্বাচন অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ করতে যোগ্য ব্যাক্তিদের নিয়ে কমিশন গঠনের সাথে সাথে সে কমিশনকে স্বাধীনভাবে কাজ করতে দিতেও হবে বলে উল্লেখ করা হয়েছে।

## নিবন্ধ ও ফিচার

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'জলাবদ্ধতা : নগরবাসীর স্থায়ী বিভীষিকা'** শিরোনামের নিবন্ধে শুভাশিস ব্যানার্জি শুভ রাজধানীর জলাবদ্ধতা নিরসনে সমন্বিত পরিকল্পনা প্রয়োজন বলে অভিমত প্রকাশ করেছেন।

#

ফারহানা/ডালিয়া/শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/আফরোজা/২০১৬/৯.০০ ঘণ্টা